

তারিখ : ১৭/১১/২০২০ (পৃঃ ০১, ১১)



গাজীপুরে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের (ব্রি) উদ্যোগে মাঠে ফসল কেটে নবান্ন উৎসব উদযাপন করা হয় ● খবর পৃষ্ঠা-১১ -যায়দিন

## গাজীপুরে ব্রি'র নানা কর্মসূচি

এদিকে আমাদের গাজীপুর প্রতিনিধি জানান, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটে (ব্রি) সোমবার শোভাযাত্রা, আলোচনা সভা, নতুন চালের তৈরি পিঠা-পায়েস বিতরণ, মাঠে ফসল কাটাসহ বিভিন্ন আনুষ্ঠানিকতার মধ্য দিয়ে নবান্ন উৎসব উদযাপন করা হয়।

ব্রি'র মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর, পরিচালক (গবেষণা) ড. কৃষ্ণ পদ হালদার, পরিচালক (প্রশাসন) ড. মো. আবুবকর ছিদ্দিক এবং বিভিন্ন গবেষণা বিভাগ ও শাখা প্রধানরা এসব আনুষ্ঠানিকতায় নেতৃত্ব দেন। উর্ধ্বতন বিজ্ঞানী, কর্মকর্তা-কর্মচারী ও শ্রমিকসহ শত শত মানুষ স্বতঃস্ফূর্তভাবে এতে অংশ নেন।

তারিখ : ১৭/১১/২০২০ (পৃঃ ১৩)

## গাজীপুরে ব্রি'তে নবান্ন উৎসব উপলক্ষে র্যালি

### গাজীপুর প্রতিনিধি

গাজীপুরে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটে (ব্রি) বিভিন্ন আনুষ্ঠানিকতার মাধ্যমে নবান্ন উৎসব উদযাপন করা হয়েছে। এ উপলক্ষে সোমবার সকাল থেকে বর্ণাঢ্য র্যালি, আলোচনা সভা, নতুন চালের তৈরি পিঠা-পায়েস বিতরণ, মাঠে ফসল কাটা হয়।

ব্রি'র মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর, পরিচালক (গবেষণা) ড. কৃষ্ণ পদ হালদার, পরিচালক (প্রশাসন) ড. মো. আবুবকর ছিদ্দিক এবং বিভিন্ন গবেষণা বিভাগ ও শাখা প্রধানরা এসব আনুষ্ঠানিকতায় উপস্থিত ছিলেন। এছাড়াও উর্ধ্বতন বিজ্ঞানী, কর্মকর্তা-কর্মচারী ও শ্রমিকসহ শত শত মানুষ স্বতঃস্ফূর্তভাবে এতে অংশ নেন।

নবান্ন উৎসব উদযাপন অনুষ্ঠানে আলোচনা সভায় ড. মো. শাহজাহান কবীর বলেন, নবান্ন উৎসবের মতো আনুষ্ঠানিকতার মাধ্যমে আমাদের জীবনে সংস্কৃতিচর্চার ঐতিহ্যকে আরও প্রাণোচ্ছল ও বেগবান করতে পারি। আমাদের তরুণ সমাজকে বিপথে চালিত হওয়া থেকে রক্ষা জন্য এটি আরও বেশি প্রয়োজন। এই আনুষ্ঠানিকতার

মাধ্যমে অগ্রহায়ণ মাসের প্রথমদিনটিকে আমরা জাতীয় কৃষি দিবস হিসেবে উৎসাহ-উদ্দীপনার সঙ্গে পালন করতে পারি। এ সময়টাতে দেশের প্রধান ফসল ধানকাটার বর্ণাঢ্য আনুষ্ঠানিকতার শুভসূচনা হয়।

## **BRRRI celebrates Nabanna Utsab**

### **STAFF CORRESPONDENT**

---

**Nabanna Utsab**, a festival of new harvest, was celebrated at Bangladesh Rice Research Institute (BRRRI) headquarters in Gazipur on Monday.

On the occasion, the organisation arranged daylong programmes including colourful procession, cutting of rice crop in the field, releasing balloons, discussion, and distribution of cakes and rice pudding made from newly harvested rice, said a press release.

BRRRI Director General Dr Md Shahjahan Kabir, Director (research) Dr Krishna Pada Halder, Director (administration) Dr Md Abu Bakr Siddique, heads of different research divisions and sections along with senior scientists and officials were present at the event.

Hundreds of people spontaneously participated at the programme.